গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা-১
www.sylhetdiv.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০০.০০৫.১৮.০০০২.২৩.১২৮

তারিখ: ২৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৮ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: বিদ্যুৎ সাশ্রয়ে জনসাধারণকে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে বিদ্যুৎ সাশ্রয় বিষয়ক লিফলেট ও স্টিকার যথাযথভাবে বিতরণ ও প্রদর্শন সংক্রান্ত।**

সূত্র: টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা) এর ৩০ মার্চ ২০২৬ তারিখের ২৭.০২.০০০০.০০০.০২১.০৫.০০০১.২৪-১১৩ নম্বর স্মারকমূলে প্রাপ্ত ডিও পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকমূলে প্রাপ্ত ডিও পত্রের ছায়ালিপি এবং বিভাজনকৃত লিফলেট ও স্টিকার এসাথে প্রেরণ করা হলো। প্রেরিত ডিও পত্রে বর্ণিত নির্দেশনা মোতাবেক বিদ্যুৎ সাশ্রয়ে জনসাধারণকে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে বিদ্যুৎ সাশ্রয় বিষয়ক লিফলেট ও স্টিকার একজন উপর্যুক্ত প্রতিনিধির মাধ্যমে সংগ্রহক্রমে যথাযথভাবে বিতরণ ও প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহিত ব্যবস্থা সম্পর্কে প্রমাণকসহ প্রতিবেদন এ কার্যালয়ে (divcomsylhetgeneral@gmail.com) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে, ০২ (দুই) পাতা।

**সংযুক্তিঃ**
(১) ডিও পত্র

ডায়েরী নং ২৪
তারিখ: ৩২/০৪/২৬
তঃপ্রঃ/নিঃপ্রঃ (স্টাফ অফিসার)/নিঃপ্রঃ সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ/উচ্চমান সহঃ/.....
- বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।
- সভায় যোগদান করুন এবং কার্য বিবরণী অবহিত করুন।
- তদন্ত করে মতামতসহ প্রতিবেদন দিন।
- নথিতে পেশ করুন।
- ফাইলে রাখুন।
- ..................................
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
সিলেট গণপূর্ত জোন, সিলেট।

০৮-০৪-২০২৬
সন্দীপ তালুকদার
সিনিয়র সহকারী কমিশনার
ফোন : ০২৯৯৬৬৪৩২৬৮
ইমেইল : divcomsylhetgeneral@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ডিআইজি, সিলেট রেঞ্জ, সিলেট।
২। পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন।
৪। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট বিভাগ।
৫। কর কমিশনার, কর অঞ্চল, সিলেট।
৬। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট।
৭। প্রধান প্রকৌশলী, বিতরণ অঞ্চল, বিউবো, সিলেট।
৮। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বিভাগীয় গণপূর্ত অফিস, সিলেট।
৯। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক জোন, সিলেট।
১০। উপমহাপরিচালক, বিভাগীয় আনসার ও ভিডিপি অফিস, সিলেট বিভাগ, সিলেট।

**SREDA**
Sustainable and Renewable Energy Development Authority

বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
(গোপনীয় শাখা)
✓ অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)
ডিএলজি
ডিডিএলজি
বিভাগীয় কমিশনারের একান্ত সচিব
সিনিয়র সহকারী কমিশনার (সাধারণ)
সিনিয়র সহকারী কমিশনার (রাজস্ব)
সিনিয়র সহকারী কমিশনার
সিনিয়র সহকারী কমিশনার
সিনিয়র সহকারী কমিশনার
ডাইরী নম্বর:
তারিখ: ০৬/০৪/২৬
স্বাক্ষর:

চেয়ারম্যান (গ্রেড-১)
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

ডিও নং- ২৭.০২.০০০০.০০০.০২১.০৫.০০০১.২৪-১১৩

তারিখ: ৩০ মার্চ ২০২৬

**বিষয়: বিদ্যুৎ সাশ্রয়ে জনসাধারণকে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে বিদ্যুৎ সাশ্রয় বিষয়ক লিফলেট ও স্টিকার যথাযথভাবে বিতরণ ও প্রদর্শন**

প্রিয় বিভাগীয় কমিশনার,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, বর্তমান বৈশ্বিক অস্থিরতা, বিশেষ করে ইরান, ইসরাইল ও যুক্তরাষ্ট্র-কে কেন্দ্র করে উদ্ভূত সংঘাত আন্তর্জাতিক জ্বালানি বাজারে অনিশ্চয়তা, সরবরাহ ঝুঁকি ও মূল্যবৃদ্ধির আশঙ্কা আরও তীব্র করে তুলেছে। উদ্ভূত পরিস্থিতিতে বিদ্যুৎ সাশ্রয় কেবল ব্যক্তিগত বা পারিবারিক দায়িত্ব নয়, বরং এটি জাতীয় স্বার্থ ও জ্বালানি নিরাপত্তা রক্ষার এক গুরুত্বপূর্ণ প্রাতিষ্ঠানিক কর্তব্য। অপ্রয়োজনীয় বিদ্যুৎ ব্যবহার পরিহার, জ্বালানি-দক্ষ প্রযুক্তি ও যন্ত্রপাতির ব্যবহার বৃদ্ধি এবং সচেতন জীবনযাপনের মাধ্যমে আমরা সম্মিলিতভাবে বিদ্যুতের অপচয় হ্রাস করতে পারি। আজকের প্রতিটি সাশ্রয় আমাদের অর্থনীতিকে শক্তিশালী করবে, পরিবেশের উপর বিরূপ চাপ কমাবে এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি টেকসই, সবুজ ও বাসযোগ্য পৃথিবী গড়ে তোলার পথে দৃঢ় ভিত্তি স্থাপন করবে।

এ প্রেক্ষাপটে, দেশব্যাপী বিদ্যুৎ সাশ্রয় কার্যক্রম জোরদার করা এবং এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ(স্রেডা) কর্তৃক ১,০০,০০০ (এক লক্ষ) টি বিদ্যুৎ সাশ্রয়ী লিফলেট এবং ৯(নয়) ধরনের মোট ৪৫,০০০ (পঁয়তাল্লিশ হাজার) টি বিদ্যুৎ সাশ্রয়ী স্টিকার মুদ্রণ করে মন্ত্রণালয়/বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয় ও জেলা প্রশাসকের কার্যালয়সমূহে সংযুক্ত বিতরণ বিবরণী অনুযায়ী প্রেরণ করা হচ্ছে যার অংশ হিসাবে আপনার বিভাগের জন্য (শুধুমাত্র মেট্রোপলিটন এলাকার জন্য) প্রতি প্যাকেটে ১০০টি লিফলেট সম্বলিত ১০টি প্যাকেট (মোট ১,০০০টি লিফলেট) এবং প্রতি প্যাকেটে ৪৫টি স্টিকার সম্বলিত ২টি প্যাকেট (মোট ৯০টি স্টিকার) প্রেরণ করা হলো।

এ ক্ষেত্রে, আপনার বিভাগের আওতাধীন বিভাগীয় পর্যায়ের (শুধুমাত্র মেট্রোপলিটন এলাকায়) গুরুত্বপূর্ণ সরকারি ও বেসরকারি অফিস, শিক্ষা প্রতিষ্ঠান, শিল্প-কারখানা, বাণিজ্যিক প্রতিষ্ঠান, মার্কেট ও ধর্মীয় উপাসনালয়সমূহের প্রতিনিধবৃন্দের সাথে আপনার কার্যালয়ে অনুষ্ঠিতব্য সভাসমূহে জ্বালানি সাশ্রয় কার্যক্রমে সকলকে অংশগ্রহণের জন্য আহ্বান জানিয়ে প্রেরিত ১,০০০টি লিফলেট বিতরণ এবং ৯০টি স্টিকার মেট্রোপলিটন এলাকার গুরুত্বপূর্ণ দৃশ্যমান স্থানে প্রদর্শন নিশ্চিতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার ব্যক্তিগত দৃষ্টি আকর্ষণ করছি।

বিতরণ কার্যক্রম সম্পন্ন হওয়ার পর এ সংক্রান্ত একটি সংক্ষিপ্ত প্রতিবেদন (ছবিসহ, প্রযোজ্য ক্ষেত্রে) স্রেডায় প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

এ বিষয়ে আপনার সার্বিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার,

৩০/০৩/২০২৬

মোজাফফর আহমেদ
চেয়ারম্যান (গ্রেড-১)
ফোন: +৮৮০২-৫৫১১০৩৪১
ই-মেইল: chairman@sreda.gov.bd

খান মোঃ রেজা-উন-নবী
বিভাগীয় কমিশনার
সিলেট।



CamScanner